

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা-১০০০।
সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০১.০০১.১৮.৯২৫

তারিখ: ১১ কার্তিক ১৪২৭

২৭ অক্টোবর ২০২০

বিষয়: এমপিও শিটে বিভিন্ন ধরনের সংশোধনের আবেদন সঠিকভাবে দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বেসরকারি মাদ্রাসামূহের এমপিও শিটে নাম/জন্ম তারিখ/ব্যাংক একাউন্ট/ইনডেক্স/কোড/বিষয়/পদবী সংশোধনের নিমিত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়ন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রেরিত অগ্রায়ন পত্রের সাথে প্রতিকার প্রার্থীর নিজস্ব স্বাক্ষরে কোন আবেদন প্রেরণ করা হয় না, যা অনভিপ্রেত। তাছাড়া অগ্রায়নের সাথে দাখিল/এসএসসি স্তরের ইংরেজি সনদ, নিয়োগপত্র, যোগদানপত্র, ব্যাংক কর্তৃক ভুল ও সঠিক হিসাব নম্বর উল্লেখপূর্বক যথাযথ প্রত্যয়নপত্র, জাতীয় পরিচয় পত্র (NID), বিজ্ঞপ্তি সম্বলিত পূর্ণাঙ্গ পত্রিকার মূল কপিসহ সকল সনদপত্র ও প্রয়োজনীয় আনুষঙ্গিক কাগজপত্র/ডকুমেন্ট দেয়া হয় না। যার ফলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক অসম্পূর্ণ অগ্রায়নে/আবেদনে কার্যক্রম গ্রহণ করা সম্ভবপর হয় না।

০২। এমতাবস্থায়, বেসরকারি মাদ্রাসামূহের এমপিও শিটে বিভিন্ন ধরনের সংশোধনের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়নের সাথে আবশ্যিকভাবে প্রতিকার প্রার্থীর নিজস্ব স্বাক্ষরযুক্ত আবেদনসহ সংশ্লিষ্ট সকল কাগজ-পত্র/ডকুমেন্ট যথাযথ সত্যায়নপূর্বক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭-১০-২০২০

মোঃ আফাজ উদ্দিন

সহকারী পরিচালক

অধ্যক্ষ/সুপার

.....(সকল মাদ্রাসা)।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০১.০০১.১৮.৯২৫/১(১০)

তারিখ: ১১ কার্তিক ১৪২৭

২৭ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক,(সকল)।
- ২) পরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর.....(সকল)।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার,(সকল)।
- ৪) উপ পরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর.....(সকল)।
- ৫) উপ পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬) সহকারী পরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর.....(সকল)।
- ৭) পরিদর্শক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর(সকল)।
- ৮) জেলা শিক্ষা অফিসার,(সকল)।
- ৯) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,(সকল)।
- ১০) মহাপরিচালক, মহোদয়ের ব্যক্তিগত সহকারী।



২৭-১০-২০২০

মোঃ আফাজ উদ্দিন

সহকারী পরিচালক